

নম্বর 205.2

নির্বাহী আদেশ

নিউ ইয়র্কে ভ্রমণকারীদের আগমনের উপর কোয়ারেন্টিন নিষেধাজ্ঞা

এদিকে, নিউ ইয়র্ক স্টেট সফলভাবে COVID-19 এর সংক্রমণ মন্থর করেছে;

এদিকে, নিউ ইয়র্ক স্টেটটি দেশের সর্বোচ্চ সংক্রমণের হার থেকে নেমে এসেছে এবং COVID-19 ধারণের জন্য মাত্র কয়েকটি স্টেটের মধ্যে অন্যতম;

এদিকে, গতবর্ষ নিউ ইয়র্ক স্টেট পুনরায় খোলার জন্য একটি সতর্ক, ক্রমবর্ধমান এবং প্রমাণ-ভিত্তিক পদ্ধতি গ্রহণ করেছেন;

যদিও, অন্যান্য স্টেট যারা কম সতর্ক দৃষ্টিভঙ্গি গ্রহণ করেছে তারা COVID-19 এর ক্রমবর্ধমান প্রবণতা অনুভব করেছে;

যেখানে, নিউ ইয়র্ককে অবশ্যই তার প্রতিবেশী রাজ্যগুলির সাথে যৌথভাবে কাজ করতে হবে, সকল বাসিন্দাদের স্বাস্থ্য এবং কল্যাণের জন্য তিনটি রাজ্যের এলাকায় COVID-19 আরো ছড়িয়ে পরার উল্লেখযোগ্য ঝুঁকির আলোকে, যাতে যে অগ্রগতি করা হয়েছে তা রক্ষার জন্য;

এখন, অতএব, আমি, অ্যান্ড্রু এম. কুওমো, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, নিউ ইয়র্ক স্টেটের সংবিধান ও আইন-কর্তৃক আমাকে প্রদত্ত ক্ষমতা বলে, নির্দিষ্টভাবে আর্টিকেল IV, সেকশন এক অনুযায়ী নিম্নরূপ আদেশ এবং নির্দেশ প্রদান করছি:

স্বাস্থ্য বিভাগের কমিশনার ভ্রমণ উপদেষ্টা সংশোধন করবেন নির্বাহী আদেশ 205 অনুযায়ী যা ব্যাপকভাবে নিউ ইয়র্কে প্রবেশের সকল প্রধান প্রবেশ বিন্দুতে জ্ঞাপন করা হবে, হাইওয়ের মেসেজ বোর্ড এবং নিউ ইয়র্কের সকল বিমানবন্দরে, যেখানে উপদেষ্টা ব্যক্ত করবে যে:

তিনটি প্রতিবেশী রাজ্যের একটি নয় এমন কোন রাজ্য থেকে নিউ ইয়র্কে প্রবেশকারী সকল পর্যটক 14 দিনের জন্য কোয়ারেন্টাইনে থাকবেন স্বাস্থ্য দপ্তরের কোয়ারেন্টাইনের নিয়ম অনুযায়ী, যদি না:

যে সব পর্যটক 24 ঘন্টার কম সময় নিউ ইয়র্কের বাইরে ভ্রমণ করেন, তাদের জন্য রাজ্য থেকে প্রশ্নান করার আগে পরীক্ষা করার প্রয়োজন নেই, এবং আগমনের পর তাকে কোয়ারেন্টাইন করতে হবে না।

কিন্তু, এই ধরনের ভ্রমণকারীদের অবশ্যই প্রবেশের পর ভ্রমণকারীর ফর্ম পূরণ করতে হবে; এবং নিউ ইয়র্কে আসার পর চতুর্থ দিনে একটি ডায়াগনস্টিক পরীক্ষা অবশ্যই করাতে হবে।

যে কোন ভ্রমণকারী যিনি 24 ঘন্টার বেশি সময় ধরে নিউ ইয়র্কের বাইরে ভ্রমণ করেছেন, এই ধরনের ভ্রমণকারীকে অবশ্যই সেই রাজ্য থেকে চলে যাওয়ার 72 ঘন্টা আগে, নিউ ইয়র্কে পৌঁছানোর আগে, পরীক্ষা করাতে হবে।

ভ্রমণকারীকে অবশ্যই নিউ ইয়র্কে পৌঁছানোর পর, স্বাস্থ্য দপ্তরের নির্দেশিকা অনুযায়ী ন্যূনতম তিন দিনের জন্য কোয়ারান্টাইন করতে হবে, যা আগমনের সময় থেকে পরিমাপ করা হবে, এবং চতুর্থ দিনে কোয়ারান্টাইন থেকে বের হওয়ার জন্য একটি ডায়াগনস্টিক পরীক্ষা করাতে হবে। দ্বিতীয় নেতিবাচক পরীক্ষার ফলাফল পাওয়ার পর ভ্রমণকারী কোয়ারান্টাইন থেকে বের হতে পারেন।

কমিশনার প্রয়োজনীয় কর্মীদের জন্য বা অন্যান্য অসাধারণ পরিস্থিতিতে অতিরিক্ত প্রোটোকল জারি করতে পারে, যখন কোয়ারেন্টিন সম্ভব হয় না তবে শর্ত থাকে যে এই জাতীয় ব্যবস্থা জনস্বাস্থ্যের সুরক্ষায় অব্যাহত থাকে।

এই সংশোধিত উপদেষ্টা 04 নভেম্বর 2020 তারিখে সকাল 12.01 মিনিটে কার্যকর হবে, যতক্ষণ না কমিশনার তা বাতিল করছেন।

স্থানীয় স্বাস্থ্য অধিদপ্তর বা স্টেটের স্বাস্থ্য বিভাগের স্বাস্থ্য অধিদফতরের ভ্রমণ সম্পর্কিত সরকারি ঘোষণাকে অনুসরণ করে স্বাস্থ্য বিভাগের কমিশনারকে দেওয়া কোয়ারেন্টিন বা আইসোলেশনের আদেশের কোনো লঙ্ঘন জনস্বাস্থ্য আইনের 21 নং অনুচ্ছেদ অনুযায়ী কার্যকর করা যেতে পারে এবং 10,000 মার্কিন ডলারের দেওয়ানি জরিমানা সাপেক্ষে অমান্য করা অতিরিক্তভাবে জনস্বাস্থ্য আইনের ধারা 12 এর অধীন লঙ্ঘন হিসেবে বিবেচিত হতে পারে।

আমার স্বহস্তে প্রদত্ত এবং অ্যালবেনি শহরে স্টেটের

নিজস্ব সিলমোহর সহ দুই হাজার বিশ

সালের অক্টোবর মাসের একত্রিশতম

দিনে এটি প্রদান করা হলো।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব